

সেই বিভীষিকার রাতে

যুথিকা বড়ুয়া

নতুন ঘরে নতুন সাজে
গড়বে নতুন বাসর,
পূর্ণ হবে মনের সাধ
ধন্য হবে পতী পরমেশ্বর ।
হঠাতে যেন উঠল বাড়
মুম্বাই নগরীতে,
আশঙ্কায় কাঁপে বুক
দুঃসংবাদের শ্রেতে ।
চোরাগলির পথ ধরে
সন্ত্রাসীরা সব এলো ধেয়ে,
তুকলো এসে ছন্দবেশে
প্রহরীর প্রাণটা গিলে খেয়ে ।
করল আক্রমণ হোটেল তাজ-ওবেরয়
বোমা-বারুদ আর মেশিংগানে,
জালিয়ে দিলো মুম্বাই শহর
মরলো কতগুলি নীরিহ মানুষ-
এমনিই অকারণে ।
সন্ধ্যে পেরিয়ে রাত্রি ঘনায়
এলো না সতীর পতী,
আশঙ্কায় তার বুকটি শুকায়,
এ কেমন বিধির নীতি?
তবু রাখে জুলে আশার প্রদীপ
হাদিপদ্মের মাঝে,
প্রবল বাতাস তুকলো এসে
সতীর প্রদীপ গেল বুজে ।
জুলছে তখন হোটেল তাজ
পুড়ছে কত লাশ,
কত নারীর পুড়লো কপাল
নেই তার হিসাব নিকাশ!
মুছে গেল কত সিঁথির সিঁন্দুর
ধূংস হলো কত সংসার,
অত্যাচারী সন্ত্রাসীদের
হবে না কভু বিচার ।